

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং ৪৫.০০.০০০০.১৪০.০৬.০০২.১৭-০০৭


তারিখ: ০৪ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ
২১ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়: ২০১৯-২০ অর্থবছরের এপিএ প্রণয়ন ও প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দপ্তর/সংস্থাসমূহের বার্ষিক কর্মসম্পাদন নির্দেশিকা ২০১৯-২০২০ পরিপত্র, চুক্তির কাঠামো, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের নির্দেশিকা, এ্যাডমিন ইউজার ম্যানুয়াল ও জেনারেল ইউজার ম্যানুয়াল মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটে প্রকাশিত হয়েছে। এপিএ নির্দেশিকায় ২০১৯-২০২০ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন কর্মসূচির সময়সূচি (এপিএ ক্যালেন্ডার) প্রকাশ করা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত পরিপত্র, নির্দেশিকা ও সময়সূচি মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছরের জন্য তীর দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন করে আগামী ৭মে ২০১৯ এর মধ্যে ৭(সাত) প্রস্থ আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২(দুই) পাতা।


(শাহিনা খাতুন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫

বিতরণ:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/গৃহ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৩। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৪। ওয়ার্কসপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



দপ্তর/সংস্কার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা

মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

- সম্পাদিত প্রতিটি কাজের বিপরীতে উপযুক্ত প্রমাণকসমূহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকালে সংরক্ষণ করতে হবে এবং স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের চাহিদা মোতাবেক তা তাত্ক্ষণিকভাবে সরবরাহ করতে হবে ;
- প্রমাণকের কলেবর বিবেচনা করে ক্ষেত্রবিশেষে দপ্তর/সংস্থা কর্তৃক অর্জনের স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি এপিএএমএস সফটওয়্যারে পিডিএফ আকারে আপলোড করা যেতে পারে;
- দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত মূল্যায়ন প্রতিবেদন স্ব স্ব দপ্তর/সংস্থার এপিএ টিমের সদস্যবৃন্দকে নিয়ে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত সভায় পর্যালোচনা করা যেতে পারে;
- মন্ত্রণালয়/বিভাগের এপিএ টিমের সদস্যবৃন্দ দৈবচয়নের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনে অন্তর্ভুক্ত নির্ধারিত সংখ্যক কর্মসম্পাদন সূচকের বিপরীতে প্রকৃত অর্জন যাচাই করতে পারবে। ক্ষেত্রমত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত যে কোন অর্জনের স্বপক্ষে উপস্থাপিত প্রমাণক/তথ্যাদি সরজমিনেও যাচাই করা যাবে;
- মন্ত্রণালয়/বিভাগের এপিএ টিম কর্তৃক যাচাইঅন্তে প্রস্তুতকৃত বার্ষিক কর্মসম্পাদন মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সিনিয়র সচিব/সচিবের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

৮. দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সময়সূচি (এপিএ ক্যালেন্ডার) ২০১৯-২০

সময়সীমা	বিষয়	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
ক. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও অনুমোদন		
০৪ এপ্রিল, ২০১৯	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রস্তুতের জন্য দপ্তর/সংস্থাকে অনুরোধ জ্ঞাপন	মন্ত্রণালয়/বিভাগ
০৮ এপ্রিল, ২০১৯	অধীনস্থ কার্যালয়সমূহকে নিয়ে দপ্তর/সংস্থার কৌশলগত অগ্রাধিকার (strategic priorities)* অবহিতকরণ সংক্রান্ত কর্মশালা আয়োজন	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
২৫ এপ্রিল, ২০১৯	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়ন	দপ্তর/সংস্থার এপিএ টিম
০২ মে, ২০১৯	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া অনুমোদন	দপ্তর/সংস্থার প্রধান
০৭ মে, ২০১৯	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত খসড়া সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ	দপ্তর/সংস্থা
১৬ মে, ২০১৯	খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ওপর ফলাফল (feedback)/সুপারিশ প্রদান	মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুল
৩০ মে, ২০১৯	মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের সুপারিশ অন্তর্ভুক্ত করে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চূড়ান্তকরণ	দপ্তর/সংস্থার এপিএ টিম
১৩ জুন, ২০১৯	দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুমোদন	মন্ত্রণালয়/বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি
২৩ জুন, ২০১৯	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	মন্ত্রণালয়/বিভাগ
২৪ জুন, ২০১৯	দপ্তর/সংস্থার ওয়েবসাইটে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রকাশ	দপ্তর/সংস্থা

নির্দেশ মোতাবেক
সংস্থা নির্ধারিত
কর্মসম্পাদন
সূচক
D.S. - 2019